

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান অফিস
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারকনং : ৫২.০১.৯১৩১.০০০.৫৬.০০৮.২৪-১০২

তারিখ : ২৮/০১/২০২৪ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন অর্থনৈতিক শুমারি-২০২৪ এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে সুপারভাইজার ও তালিকাকারী / তথ্য সংগ্রহকারী পদে নিয়োগের **ইউনিয়ন ভিত্তিক** প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র দক্ষিণ সুরমা উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী কিছু সংখ্যক বেকার যুব/যুব মহিলা যারা শুধুমাত্র জনশুমারি ও গৃহগণনা-২০২২ এ কাজ করেছেন তাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	১. ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ/ সমমান হতে হবে
০২	তালিকাকারী / তথ্য সংগ্রহকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	১. ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ/ সমমান হতে হবে।

বিঃদ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপির বর্ণনা অনুযায়ী। তবে ডিপিপি সংশোধিত হলে জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলীঃ

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব পোর্টাল <http://bbs.dakshinurmasylhet.gov.bd> থেকে ডাউনলোড করে অথবা উপজেলা পরিসংখ্যান অফিস থেকে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে এবং পূরণকৃত আবেদন ফরমটি উপজেলা পরিসংখ্যান অফিসে জমা দিতে হবে।
- শুধুমাত্র জনশুমারি ও গৃহগণনা-২০২২ এ যারা কাজ করেছেন তারা আবেদন করতে পারবেন।
- শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কাজে নিযুক্ত করতে পারবে না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডানপার্শ্বে পদের নাম উল্লেখপূর্বক আগামী ০৬/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, দক্ষিণ সুরমা, সিলেট এ অফিস সময়ের মধ্যে জমা দিতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই জাতীয়তা/নাগরিকত্ব সনদ পত্র ও সকল সনদ পত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
- মৌখিক পরীক্ষার সময়সূচি পরবর্তীতে উপজেলা পরিসংখ্যান অফিস, দক্ষিণ সুরমার নোটিশ বোর্ডে জানানো হবে।
- প্রার্থীদের মৌখিক পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী লিস্টিং অপারেশন ও মূল শুমারির প্রশিক্ষণে ও গণনা কার্যক্রম শুরু হওয়ার সময় যদি অনুপস্থিত থাকে তাহলে তিনি কাজে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং অপেক্ষমান তালিকা হতে শূণ্যস্থান পূরণ করা হবে।
- শুমারি চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় তাকে কার্যক্রম থেকে বাতিল করা হবে।
- শুমারির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ একাউন্ট নম্বর) সচল রাখা বাধ্যতামূলক।
- এ নিয়োগটি শুধু শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে এবং শুমারি কার্যক্রম শেষ হওয়ার পর থেকে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(উর্মি রায়)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

তালিকাকারী / তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার

নির্বাচন কমিটি

দক্ষিণ সুরমা, সিলেট।